



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৬৫৭

তারিখঃ ১১/১১/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৩১ তম কমিশন সভা অদ্য ১১/১১/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন আজকের সভায় United Power Generation & Distribution Company Limited কে বুক বিল্ডিং পদ্ধতির আওতায় প্রতিটি শেয়ার ৭২.০০ টাকা (অর্থাৎ প্রতি শেয়ারে ৬২ টাকা প্রিমিয়ামসহ) দরে ৩.৩০ কোটি সাধারণ শেয়ার (তন্মধ্যে ৪০% প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও বাকী ৬০% ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারী, মিউচুয়াল ফান্ড, এনআরবি ও সাধারণ বিনিয়োগকারী) প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দিয়েছে। উল্লেখ্য কমিশন বিগত ১৬/০২/২০১৪ইং তারিখে আলোচ্য কোম্পানীটিকে Bidding এর অনুমোদন প্রদান করে। প্রতিটি শেয়ারের Indicative Price ৬০.০০ টাকা নির্ধারিত হয়, যা ৬টি ক্যাটাগরীর ২৮টি প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী দ্বারা সমর্থিত হয়। পরবর্তীতে ৬৮ জন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীর Bidding এ অংশগ্রহণের মাধ্যমে Indicative Price ৭২.০০ টাকা (with 20% upper band) নির্ধারিত হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২৩৭.৬০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে preference share এর redemption, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর, ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ৫.৯৮ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ২৩.৬৪ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে LankaBangla Investments Ltd. এবং Registrar to the issue হ'ল ICB Capital Management Limited।
২. কমিশনের “InstantWatch Market Surveillance System” এর মাধ্যমে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর স্টক ব্রোকার S.R. Capital Ltd. (CSE TREC No. # 38) কর্তৃক গত ১১/০৭/২০১৩ থেকে ১৮/০৮/২০১৩ তারিখের মধ্যে পাঁচদিন ব্যাপী AFTAB AUTO, UNITEDAIR এবং ALLTEX এর শেয়ার লেনদেনে যথাক্রমে মোট ২,৬৮,৭০০ শেয়ারের Short Sale Alert পরিলক্ষিত হয়। পরবর্তীতে সার্ভেইল্যান্স বিভাগ বিষয়টি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করে। এনফোর্সমেন্ট বিভাগের কার্যক্রম সমাপান্তে আজকের কমিশন সভায় S.R. Capital Ltd. কে Chittagong Stock Exchange (Short-Sale) Regulations, 2005 এর Regulation 4 (1) ভঙ্গের জন্য ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. সভায় Southeast Bank Limited এর ৩০০ কোটি টাকার Subordinated Floating Rate Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ হতে ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-Convertible, Unsecured, Floating Rate Subordinated Bond যার Yield to Maturity/Coupon Rate 11.50% হতে 14.00% [Bench Mark + Margin]। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, শুধুমাত্র স্থানীয় আর্থিক প্রতিষ্ঠানসমূহ, বীমা কোম্পানীসমূহ, মিউচুয়াল ফান্ড, কর্পোরেট বন্ডি এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিরাই প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Southeast Bank Limited ব্যাসেল টু এর শর্ত পূরণ, Tier 2 মূলধন বৃদ্ধি ইত্যাদি কাজে ব্যয় করবে। Southeast Bank Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে কাজ করছে যথাক্রমে Standard Chartered Bank (SCB) এবং Green Delta Insurance Co. Ltd.।
৪. Bangladesh Building Systems Ltd., Central Pharmaceuticals Limited, Mozaffar Hossain Spinning Mills Ltd. স্টক এক্সচেঞ্জে লিস্টিং এর পর এবং JMI Syringes & Medical Devices Ltd. স্টক এক্সচেঞ্জে রিলিস্টিং এর পর রাইটস শেয়ার ইস্যুর সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে যথেষ্ট সময় গ্রহণ করেনি, যা বিনিয়োগকারীদেরকে কোম্পানী সম্পর্কে অবহিত হয়ে সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হতো। তাই, বিনিয়োগকারী এবং পুঁজিবাজারের স্বার্থে উল্লিখিত ইস্যুয়ারগণের রাইটস শেয়ার ইস্যুর আবেদন কমিশন কর্তৃক বিবেচিত হয়নি।

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র